

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৪৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাম

### আরবী

وَعَنْ عَلِيٍّ

قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لِلْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ سِتُّ بِالْمَعْرُوفِ: يُسَلِّمُ عَلَيْهِ إِذَا لَقِيَهُ وَيُجْبِبُهُ إِذَا دَعَاهُ وَيُشَمِّتُهُ إِذَا عَطَسَ وَيَعُودُهُ إِذَا مَرِضَ وَيَتْبَعُ جِنَازَتَهُ إِذَا مَاتَ وَيُحِبُّ لَهُ مَا يُحِبُّ لِنَفْسِهِ رَوَاهُ التِّرْمِذِيِّ والدارمي

#### বাংলা

৪৬৪৩-[১৬] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একজন মুসলিমের ওপর অপর মুসলিমের ছয়টি কল্যাণকর অধিকার রয়েছে। ১. কোন মুসলিমের সাথে সাক্ষাৎ হলে সালাম দেবে, ২. তাকে কোন মুসলিম ডাকলে (দা'ওয়াত করলে) তার ডাকে সাড়া দেবে, ৩. কোন মুসলিমের হাঁচি এলে হাঁচির জবাব দেবে, ৪. কোন মুসলিম অসুস্থ হলে তার সেবা-শুশ্রুষা করবে। ৫. কোন মুসলিম মৃত্যুবরণ করলে তাঁর জানাযায় অনুগমন করবে এবং ৬. প্রত্যেক মুসলিমের জন্য সে জিনিসই পছন্দ করবে, যা সে নিজের জন্য পছন্দ করে। (তিরমিয়ী ও দারিমী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২৭৩৬, ইবনু মাজাহ ১৪৩৩, দারিমী ২৬৩৩, য'ঈফুল জামি' ৪৭৫১, আল জামি'উস্ সগীর ১০২২২, আবূ ইয়া'লা ৪৩৫।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, সনদে ''হারিস আল আ'ওয়ার'' নামের বর্ণনাকারী য'ঈফ। হিদায়াতুর্ রুওয়াত ৪/৩১৩ পৃঃ।

#### ব্যাখ্যা

व्याच्याः (لِلْمُسْلِم عَلَى الْمُسْلِم سِتُّ بِالْمَعْرُوف) वर्शा (اللهُسْلِم سِتُّ بِالْمَعْرُوف) वर्शाः



অধিকার রয়েছে। আর তা হলো যে কথা বা কাজ যাতে আল্লাহ তা আলা সন্তুষ্ট হন। (مُحِيبُهُ إِذَا دَعَاهُ) অর্থাৎ যে কেউ আমন্ত্রণ করলে অথবা প্রয়োজনে ডাকলে সাড়া দিবে। الله এর অর্থ (আলহামদুলিল্লা-হ বললে) সে তার জন্য يرحمك الله বলে দু আ করবে। হাঁচির জবাব দেয়ার হুকুমের ক্ষেত্রে 'আলিমদের মাঝে মতানৈক্য রয়েছে। যেমন হাফিয ইবনু হাজার 'আসকালানী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাঁচির জবাব দেয়া ওয়াজিব। কারণ, আবূ হুরায়রা (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীস রয়েছে, شَمِعَةُ أَنْ يُشَمِّتَهُ أَنْ يُشَمِّتَهُ ।

ইবনু আবূ জামরাহ্ বলেনঃ একদল 'আলিম এটাকে ফরযে 'আইন বলে অভিহিত করেছেন। ইমাম ইবনুল কইয়িম (রহিমাহুল্লাহ) এ মতটিকে তাঁর সুনানের মধ্যে জোর দিয়ে বলেছেন। আরেকদল বিদ্বান এটাকে ফরযে কিফায়াহ্ বলেছেন। অতএব যখন কেউ এর জবাব দেয় তখন তা সবার পক্ষ থেকে যথেষ্ট হয়ে যাবে। জামহূর হাম্বালী, হানাফী ও আবুল ওয়ালীদ ইবনু রুশদ প্রমুখ এরূপ মত পেশ করেন। মালিকীদের একদল ও 'আবদুল ওয়াহ্ব মুস্তাহাব বলেছেন। এ ধরনের মত শাফি'ঈ মতাবলম্বীদেরও। হাফিয (রহিমাহুল্লাহ) বলেনঃ সহীহ হাদীস দ্বারা জবাব দেয়া কিফায়াহ্। ওয়াজিব প্রমাণিত হলেও দ্বিতীয় মতটি দলীলের দিক থেকে অগ্রাধিকারযোগ্য। কারণ হাঁচির জবাবদান যদিও 'আমভাবে বর্ণিত হয়েছে তবুও এর দ্বারা সবাইকে সম্বোধন করা হয়েছে।

ইবনুল কইয়িম (রহিমাহুল্লাহ) "যাদুল মা'আদ" গ্রন্থে হাঁচির জবাব সম্পর্কে একাধিক হাদীস নিয়ে এসেছেন তন্মধ্যে প্রথমে বুখারী কর্তৃক বর্ণিত আবূ হুরায়রা (রাঃ)-এর إِنَّ اللهَ يُحِبُّ الْعُطَاسَ وَيَكْرُهُ التَّنَاوُّبَ فَإِذَا عَطَسَ فَحَمِدَ اللهَ عَلَى كُلِّ مُسْلَمٍ سَمِعَهُ أَنْ يُشْمِّتُهُ إِنَّ اللهَ يُحِبُّ الْعُطَاسَ وَيَكْرُهُ التَّنَاوُّبَ فَإِذَا عَطَسَ فَحَمِدَ اللهَ عَلَى كُلِّ مُسْلَمٍ سَمِعَهُ أَنْ يُشْمِّتُهُ وَاللهَ يُحِبُّ الْعُطَاسَ وَيَكُرُهُ التَّنَاوُّبَ فَإِذَا عَطَسَ فَحَمِدَ اللهَ عَلَى كُلِّ مُسْلِمٍ سَمِعَهُ أَنْ يُشْمِّتُهُ وَاللهَ يُحِبُّ الْعُطَاسَ وَيَكُرُهُ التَّنَاوُّبَ فَإِذَا عَطَسَ فَحَمِد اللهَ عَلَى كُلِّ مُسْلِمٍ سَمِعَهُ أَنْ يُشْمِّتُهُ وَاللهَ يُحِبُّ الْعُطَاسَ وَيَكُرُهُ التَّنَاوُ بَلَ وَاللهَ يَعْلَى كُلِّ مُسْلِمٍ سَمِعَهُ أَنْ يُشْمِّتُهُ وَاللهَ يَعْلَى كُلِّ مُسْلِمٍ سَمِعَهُ أَنْ يُشْمِّتُهُ وَاللهَ عَلَى كُلِّ مُسْلِمٍ سَمِعَهُ أَنْ يُشْمِّتُهُ وَاللهَ يَعْلَى كُلِّ مُسْلِمٍ سَمِعَهُ أَنْ يُشْمِّتُهُ وَاللهَ يَعْلَى كُلِّ مُسْلِمٍ سَمِعَهُ أَنْ يُشْمِتُهُ وَاللهَ وَاللهُ وَيُرْهُ وَاللهُ وَلِي وَاللهُ وَاللهُ وَاللهُ وَلِهُ وَاللهُ وَلِمُ وَاللهُ وَلَا اللهُ وَالْمُعُلِّلِهُ وَلِهُ وَلِي وَالْعُلُولُ وَيَعْلَى كُلُولُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَلِلهُ وَلِلهُ وَلِمُ وَاللّهُ وَلِمُ وَاللّهُ وَلَا لَا اللّهُ وَاللّهُ وَلَمُ وَاللّهُ وَلِمُ وَاللّهُ وَلِي وَاللّهُ وَلِمُ وَاللّهُ وَلِمُ وَاللّهُ وَلِمُ وَلَمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلَمُ وَلِمُ وَلِمُواللهُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَلِمُ وَل

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন